ষষ্ঠ অধ্যায়

সন্ধি

কথা বলার সময় আমরা যে ধ্বনিগুলি উচ্চারণ করি, সেগুলির মিলনে তৈরি একটি শব্দ। পাশাপাশি দুই ধ্বনির মিলনের নাম সন্ধি।

আমাদের গ্রামে একটি বিদ্যালয় আছে।

ওপরের বাক্যে বিদ্যালয় শব্দটিকে লক্ষ করো ঃ

'বিদ্যা' শব্দটিতে আছে ৫টি ধ্বনি ঃ ব্ + ই + দ + য্ + আ।

আলয় শব্দটিতে আছে ৫টি ধ্বনি ঃ আ + ল + অ + য্ + অ দুটি মিলে হল ঃ ব্ + দ্ + য্ +আ + ল্ + অ + য্ = বিদ্যালয়।

'বিদ্যা শব্দের শেষ ধ্বনি 'আ' এবং 'আলয়' শব্দের প্রথম ধ্বনি 'আ' দুয়ে মিলে হয়েছে।

তাহলে আমরা বলতে পারি পাশাপাশি অবস্থিত দুটি ধ্বনির মিলনের নাম সন্ধি।

সন্ধির প্রকারভেদ

সন্ধি সাধারণত দু রকমের হয়— স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি।

স্বরসন্ধি ঃ স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনকে স্বরসন্ধি বলে।

যেমন— বিদ্যা + আলয় = বিদ্যালয়

আ	+ আ	= আ	পরি	+ ঈক্ষা	= পরীক্ষা
নব	+ অন্ন	= নবান্ন	ই	+ ঈ	= ঈ
অ	+ অ	= আ	মহা	+ অর্ঘ	= মহার্ঘ
			আ	+ অ	= আ

ব্যঞ্জনসন্ধি ঃ স্বরধ্বনির সঙ্গে ব্যঞ্জনধ্বনির, ব্যঞ্জনধ্বনির সঙ্গে স্বরধ্বনি ব্যঞ্জনধ্বনির সঙ্গে ব্যঞ্জনধ্বনির মিলনকে বলে ব্যঞ্জনসন্ধি।

যেমন—

উৎ	+ ছেদ	=	উচ্ছেদ
তৎ	+ জন্য	=	তজ্জন্য

বিসর্গসন্ধি ঃ স্বরসন্ধি ও ব্যঞ্জনসন্ধি ছাড়া আর এক রকমের সন্ধি আছে, তার নাম বিসর্গসন্ধি। কোনো শব্দের শেষে অবস্থিত বিসর্গের সঙ্গে পরের শব্দের প্রথমে অবস্থিত স্বরধ্বনি বা ব্যঞ্জনধ্বনির মিলনকে বিসর্গসন্ধি বলে।
যমন—

দুঃ + গত = দুর্গত (ঃ + আ= রা)
দুঃ + গত = দুর্গত (ঃ + গ=র্গ)

স্বরসন্ধির বিভিন্ন সূত্র

নীচে স্বরধ্বনির সঙ্গে স্বরধ্বনির মিলনে স্বরসন্ধি হওয়ার নিয়মগুলি লক্ষ করো ঃ

সূত্র ঃ অ কিংবা আ-এর পর অ কিংবা আ থাকলে আ হয়।

শশ	+ অঙ্ক	= শশাঙ্ক	আজ্ঞা	+ অধীন	= আজ্ঞাধীন
বেদ	+ অন্ত	= বেদান্ত	মহা	+ অর্ঘ	= মহার্ঘ
নব	+ অন্ন	= নবান্ন	মাত্রা	+ অতিরিক্ত	= মাত্রাতিরিক্ত
ধর্ম	+ অধর্ম	= ধর্মাধর্ম	পাঠ	+ আগার	= পাঠাগার
অন্য	+ অন্য	= অন্যান্য	দেব	+ আলয়	= দেবালয়
গ্রন্থ	+ আগার	= গ্রন্থাগার	হিম	+ আলয়	= হিমালয়
নর	+ অধম	= নরাধম	আশা	+ অতীত	= আশাতীত
জল	+ আশয়	= জলাশয়	বিদ্যা	+ আলয়	= বিদ্যালয়
চরণ	+ অমৃত	= চরণামৃত	কারা	+ আগার	= কারাগার
তথা	+ অপি	= তথাপি	মহা	+ আশয়	= মহাশয়

সূত্র ঃ ই কিংবা ঈ-এর পরে ই কিংবা ঈ থাকলে ঈ হয়।

রবি	+ ইন্দ্র	= রবীন্দ্র	কবি	+ ইন্দ্র	= কবীন্দ্র
মণি	+ ইন্দ্র	= মণীন্দ্র	অভি	+ ঈপ্সা	= অভীপ্সা
পৃথিবী	+ ঈশ্বর	= পৃথিবীশ্বর	যতী	+ ইন্দ্র	= যতীন্দ্র
গিরি	+ ঈন্দ্র	= গিরীন্দ্র	পরি	+ ঈক্ষা	= পরীক্ষা
অতি	+ ইত	= অতীত	গিরি	+ ঈশ	= গিরীশ
দিল্লি	+ ঈশ্বর	= দিল্লীশ্বর	অভি	+ ইষ্ট	= অভীষ্ট
শচী	+ ইন্দ্র	= শচীন্দ্র	সতী	+ ঈশ	= সতীশ
ফণী	+ ইন্দ্র	= ফণীন্দ্র	রজনী	+ ঈশ	= রজনীশ
রথী	+ ইন্দ্র	= রথীন্দ্র	শচী	+ ঈশ	= শচীশ

সূত্র ঃ উ কিংবা ঊ-এর পরে উ কিংবা ঊ থাকলে ঊ হয়।

সাধু	+ উত্তম	= সাধূত্তম	তরু	+ ঊর্ধ্ব	= তরূর্ধ্ব
মরু	+ উদ্যান	= মরূদ্যান	লঘু	+ ঊর্মি	= লঘূর্মি
কটু	+ উক্তি	= কটূক্তি	সিন্ধু	+ ঊর্মি	= সিন্ধূর্মি
ভূ	+ উদ্ভিত	= ভূদ্ভিত	সরযূ	+ ঊর্মি	= সরযূর্মি
বধূ	+ উক্তি	= বধূক্তি	ভূ	+ ঊর্ধ্ব	= ভূর্ধ্ব

সূত্র ঃ অ কিংবা আ-এর পরে ই কিংবা ঈ থাকলে এ হয়।

দেব	+ ইন্দ্র	= দেবেন্দ্র	দেব	+ ঈশ	= দেবেশ
রাজ	+ ইন্দ্র	= রাজেন্দ্র	মহা	+ ইন্দ্র	= মহেন্দ্র
নর	+ ইন্দ্র	= নরেন্দ্র	যথা	+ ইষ্ট	= যথেষ্ট
দুর্গা	+ ঈশ	= দুর্গেশ	যথা	+ ইচ্ছা	= যথেচ্ছা
পরম	+ ঈশ্বর	= পরমেশ্বর	রমা	+ ঈশ	= রমেশ
নর	+ ঈশ	= নরেশ	মহা	+ ঈশ	= মহেশ

সূত্র ঃ অ কিংবা আ- এর পরে উ কিংবা ঊ থাকলে ও হয়।

বিদ্যা	+ উদয়	= বিদ্যোদয়	পর	+ উপকার	= পরোপকার
হিত	+ উপদেশ	= হিতোপদেশ	দুর্গা	+ উৎসব	= দুর্গোৎসব
সূর্য	+ উদয়	= সূর্যোদয়	যথা	+ উচিত	= যথোচিত
চল	+ ঊর্মি	= চলোর্মি	মহা	+ ঊর্মি	= মহোর্মি
নব	+ ঊঢ়া	= নবোঢ়া	গঙ্গা	+ ঊর্মি	= গঙ্গোর্মি
মহা	+ ঊর্ধ্ব	= মহোর্ধ্ব	গঙ্গা	+ উদক	= গঙ্গোদক

ঃ অ কিংবা আ- এর পরে এ বা ঐ থাকলে ঐ হয়।

হিত	+ এষণা	= হিতৈষণা	মত	+ ঐক্য	= মতৈক্য
জন	+ এক	= জনৈক	তথা	+ এবচ	= তথৈবচ
হিত	+ এষী	= হিতৈষী	সদা	+ এব	= সদৈব
মহা	+ ঐক্য	= মহৈক্য	মহা	+ এব	= মহৈব
রাজ	+ ঐশ্বর্য	= রাজৈশ্বর্য	মহা	+ ঐরাবত	= মহৈরাবত
মত	+ ঐক্য	= মতৈক্য	মহা	+ ঐশ্বর্য	= মহৈশ্বর্য

ত্র ঃ অ কিংবা আ-এর পর ঋ থাকলে 'ঋ' অর্ হয়ে যায়। 'অর্'-এর 'অ' আগের র্ণের সঙ্গে যুক্ত হয় এবং 'র' রেফ হয়ে পরের বর্ণটির মাথায় যুক্ত হয়।

অধম	+ ঋণ	= অধমর্ণ	ক্ষুধা	+ ঋত	= ক্ষুধার্ত
উত্তম	+ ঋণ	= উত্তমর্ণ	রাজা	+ ঋষি	= রাজর্ষি
দেব	+ ঋষি	= দেবর্ষি	মহা	+ ঋষি	= মহর্ষি

ূত্র ঃ অ বা আ- এর পর ও বা ঔ থাকলে ঔ হয়। এই 'ঔ' ঔ-কার (ৌ) হিসাবে আগের বর্ণে যুক্ত হয়।

জল	+ ওকা	= জলৌকা	পরম	+ ঔষধ	= পরমৌষধ
বন	+ ওষধি	= বনৌষধি	মহা	+ ওষধি	= মহৌষধি
বিম্ব	+ ওষ্ঠ	= বিম্বৌষ্ঠ	মহা	+ ঔষধ	= মহৌষধ

সূত্র ঃ ই কিংবা ঈ-এর পরে যদি ই-ঈ ছাড়া অন্য কোনো স্বরবর্ণ থাকে, তাহলে ই-ঈ স্থানে য্ হয়। এই 'য্'-ফলা (্য) হয়ে পূর্ববর্ণে যুক্ত হয়।

পরি	+ অন্ত	= পর্যন্ত	অতি	+ আশ্চর্য	= অত্যাশ্চর্য
প্রতি	+ উত্তর	= প্রত্যুত্তর	প্রতি	+ ঊষ	= প্রত্যূষ
প্রতি	+ আশা	= প্রত্যাশা	অভি	+ উদয়	= অভ্যুদয়

সূত্র ঃ উ বা ঊ-এর পরে উ-ঊ ছাড়া অন্য কোনো স্বরবর্ণ থাকলে উ-ঊ স্থা
হয়। এই 'ব্' ব-ফলা হয়ে আগের বর্ণে যুক্ত হয় এবং পরের স্বর ব-কারে যু

সু	+	অল্প	= স্বল্প	অনু	+	ঈক্ষা	= অন্বীক্ষা
অনু	+	অয়	= অন্বয়	সু	+	আগত	= স্বাগত
অনু	+	এষণ	= অন্বেষণ	অনু	+	এষা	= অন্বেষা

নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি

কতগুলি স্বরসন্ধি নিয়ম বহির্ভূত। নিয়ম- বহির্ভূত এই ধরনের সন্ধিকে বলা হয় নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি।

২. নীচের দেওয়া নিপাতনে স্বরসন্ধিগুলি লক্ষ করো :

গো	+	অক্ষ = গবাক্ষ	সার	+	অঙ্গা = সারঙ্গ
কুল	+	অটা = কুলটা	প্র	+	এষণ = প্রেষণ
অন্য	+	অন্য = অন্যান্য	প্র	+	ঊঢ় = প্রৌঢ়